

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

প্রশাসন শাখা-৪

plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৫.৩২.২২০.১২- ১১৮

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬
০৯ মে ২০১৯

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ জাহিদ হাসান, অফিস সহায়ক, পরিকল্পনা বিভাগ-এর বিরুদ্ধে “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্পে লোক নিয়োগের নামে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে ভূয়া নিয়োগপত্র তৈরির অভিযোগে পরিকল্পনা বিভাগের ২৯ অক্টোবর, ২০১৮ তারিখের ২০.০০.০০০০.৩০৫.৩২.২২০.১২-৩৬২ নং স্মারকের মাধ্যমে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) [বর্তমানে (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ)] মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করতঃ বিভাগীয় মামলা বুজু করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২০-০১-২০১৯ তারিখে প্রণীত অভিযোগনামার প্রেক্ষিতে জবাব দাখিল করেন। অভিযোগনামায় অভিযুক্ত কর্মচারী ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহ প্রকাশ করায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর দাখিলকৃত ও ব্যক্তিগত শুনানীর জবাব সন্তোষজন না হওয়ায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য ০৯-১২-২০১৮ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮) বিধি ৩(খ)] মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে; এবং


যেহেতু, অভিযুক্ত কর্মচারীর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী এবং ব্যক্তিগতভাবে তদন্ত কর্মকর্তার নিকট প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার নথিপত্র পর্যালোচনায় অফিস সহায়ক জনাব জাহিদ হাসানকে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮) বিধি ৩(খ)] মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালার বিধি ৪(৩)(সি) [বর্তমানে (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ)] মোতাবেক তাঁকে চাকরি হইতে অপসারণ করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পরিপ্রেক্ষিতে জনাব জাহিদ হাসানকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের দাখিলকৃত লিখিত জবাব এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮) বিধি ৩(খ)] মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালার বিধি ৪(৩)(সি) [বর্তমানে (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ)] অনুযায়ী তাঁকে চাকরি হইতে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সেহেতু, অফিস সহায়ক জনাব জাহিদ হাসান-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ)] অনুযায়ী চাকরি হইতে অপসারণ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(ফৌজিয়া জাফরীন)
অতিরিক্ত-সচিব
পরিকল্পনা বিভাগ


জনাব জাহিদ হাসান
অফিস সহায়ক
গ্রহণ ও প্রেরণ শাখা
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩০৫.৩২.২২০.১২- ১১৮

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬
০৯ মে ২০১৯

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (বাজেট ও আইটি), পরিকল্পনা বিভাগ।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন, ফেজ-৩, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ।
- ৭। অফিস কপি।


(ফৌজিয়া জাফরীন)
অতিরিক্ত-সচিব